# সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ১ম অবহিতকরণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব মোঃ মাহবুবুর রহমান
সভার স্থান: জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ
তারিখ: ১৬/০৮/২০২২ খ্রিঃ
সময়: সকাল ১০.০০ ঘটিকা
(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হ'ল)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান সেবা প্রদান প্রতিশ্রুতির কার্যকরী বাস্তবায়ন স্বচ্ছতা, জবাব দিহিতা এবং দায়বদ্ধ তা নিশ্চিতকরণের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কাজেই প্রত্যেক দপ্তরকে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করার জন্য আহবান জানান। সেবা গ্রহীতাদের সংশ্লিষ্ট উপজেলা মৎস্য দপ্তর, মৎস্যবীজ উৎপাদন খামার ও জেলা মৎস্য দপ্তরে সেবা গ্রহণের জন্য অনুরোধ করেন।

অতঃপর সিটিজেন চার্টার অনুসারে মৎস্য অধিদপ্তরের নিম্নোক্ত সেবাসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়ঃ

| ক্রঃনং | প্রতিশ্রুত সেবার তালিকা | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. নাগরিক সেবা | | | |
| ১.১ | মৎস্যচাষি, মৎস্যজীবী ও উদ্যেক্তাকে পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন এবং মাটি ও পানি পরীক্ষা | চাষ সংক্রান্ত তথ্য জানার নির্ধারিত ফরম নাই। চাষি/ আগ্রহি ব্যাক্তি সেবা প্রদান পদ্ধতী অনুসরণপূর্বক ১ দিনের মধ্যে বিনামূল্যে সেবাটি গ্রহণ করতে পারবেন। | জেলা মৎস্য কর্মকর্তা,সিনিয়রউপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ১.২ | মৎস্য খাদ্য আইন ২০১০ ও মৎস্য খাদ্য বিধিমালা ২০১১ মোতাবেক লাইসেন্স প্রদান/নবায়ন | আইন ও বিধি- বিধান মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র ও চালান জমা দিয়ে ৩০ দিনের মধ্যে সেবাটি প্রদান করতে হবে।লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার ১মাস পূর্বে প্রয়োজনীয় কাগজপত্র ও চালান জমা দিয়ে নবায়নের জন্য জেলা মৎস্য কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা,সিনিয়রউপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ১.৩ | মৎস্য হ্যাচারী আইন ২০১০ ও মৎস্য হ্যাচারী বিধিমালা ২০১১ মোতাবেক লাইসেন্স প্রদান/ নবায়ন | আইন ও বিধি- বিধান মোতাবেক প্রয়োজনীয় কাগজ পত্র ও চালান জমা দিয়ে ৩০ দিনের মধ্যে সেবাটি প্রদান করতে হবে।লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার ১ মাস পূর্বে প্রয়োজনীয় কাগজপত্র ও চালান জমা দিয়ে নবায়নের জন্য জেলা মৎস্য কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা,সিনিয়রউপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ২. প্রাতিষ্ঠানিক/ দাপ্তরিকসেবা | | | |
| ২.১ | সরকারী মৎস্যবীজ উৎপাদন খামারে বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়ন | কর্তৃপক্ষের আদেশ মোতাবেক ও সংশ্লিষ্ট কাগজপত্রাদির ভিত্তিতে বিনামূল্যে ৩০ দিনের মধ্যে বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ২.২ | ক্রমপুঞ্জিত অনিস্পন্ন সাধারণ অগ্রিম (SFI) ও খসড়া (ডিপি) অনুচ্ছেদের অডিট আপত্তির লক্ষ্যে দ্বি-/ত্রিপাক্ষিক সভার কার্যপত্র সংগ্রহপূর্বক কার্যক্রম গ্রহণ। | অডিট সংক্রান্ত আপত্তির আলোকে বিনামূল্যে ৩০ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করা | জেলা মৎস্য কর্মকর্তা,সিনিয়রউপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ৩.অভ্যান্তরীণ সেবা | | | |
| ৩.১ | ওয়েব সাইট হালনাগাদকরণ | সকল দপ্তরের ওয়েব সাইট সর্বদা হালনাগাদ রাখা,যাতে সেবাগ্রহীতাগণ সকল তথ্য | জেলা মৎস্য কর্মকর্তা,সিনিয়র |

| ক্রঃনং | প্রতিশ্রুত সেবার তালিকা | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | হালনাগাদ পেতে পারেন। | উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ৩.২ | কর্মকর্তা/ কর্মচারীদের লামগ্রান্ট ও পেনশন মঞ্জুরির ব্যবস্থা করা | বিনামূল্যে ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট কাগজপত্রাদি উর্ধ্বগামি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা মৎস্য কর্মকর্তা |
| ৩.৩ | জেলার অবসরগামি কর্মকর্তাগণের বিভিন্ন কর্মস্থলের কর্ম সময়ের অডিট আপত্তি ও নিষ্পত্তির নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ১৭ কলাম ছকে প্রাপ্তির নিমিত্ত পত্র জারি করা | বিনামূল্যে ৭ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করা | জেলা মৎস্য কর্মকর্তা,সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |
| ৩.৪ | কর্মকর্তা/ কর্মচারিদের শ্রান্তি বিনোদনছুটি ও অর্জিত ছুটি মঞ্জুরীর ব্যবস্থা গ্রহণ করা | বিনামূল্যে ৩ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করা | জেলা মৎস্য কর্মকর্তা |
| ৩.৫ | এলপিসি প্রদানে সহায়তা করা | বিনামূল্যে ৭ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করা | জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক (সকল) |

সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে জানান যে, সিটিজেন চার্টারে উল্লেখিত নির্দেশনা অনুযায়ী সেবা গ্রহীতাদের নিয়মিত সেবাপ্রদান করা হচ্ছে। চলতি অর্থবছরে (জুলাই-সেপ্টেম্বর/২০২২) এ পর্যন্ত সেবা সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায় নি। তিনি সেবা গ্রহীতাদের সংশ্লিষ্ট যেকোন প্রয়োজনে উপজেলা মৎস্য দপ্তর, খামার ব্যবস্থাপকের দপ্তর এবং প্রয়োজনে জেলা মৎস্য দপ্তর হতে সেবা গ্রহণের অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনা এবং উপস্থিত স্টেকহোল্ডারদের মতামতের ভিত্তিতে সভাপতি কর্তৃক সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহঃ

১। জেলা মৎস্য দপ্তরসহ অধীন সকল উপজেলা মৎস্য দপ্তর ও খামারসমূহকে আন্তরিকতার সাথে সিটিজেন চার্টারের নির্দেশনা মোতাবেক সেবা গ্রহীতাদের সেবা প্রদান করতে হবে;

২। খাদ্য ও হ্যাচারীর লাইসেন্স নবায়নের ক্ষেত্রে মেয়াদ শেষ হওয়ার এক (০১) মাস পূর্বেই আবেদন করার জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অবগত করতে হবে;

৩। জরুরী ভিত্তিতে খামার পরিদর্শনের প্রয়োজন হলে অগ্রাধিকার ভিত্তিতে পরিদর্শনপূর্বক পানির গুনাগুণ পরীক্ষা (ক্ষেত্রে বিশেষে) করে প্রয়োজনীয় পরামর্শ/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪। অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহদ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫। অবসরপ্রাপ্ত কর্মচারীদের লামগ্রান্ট ও পেনশন মঞ্জুরিসহ বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মচারীদের ব্যক্তিগত ও দাপ্তরিক বিষয় সমূহ (শ্রান্তি বিনোদন ছুটি, অর্জিত ছুটি, এলপিসি প্রদানে সহায়তা ইত্যাদি) আন্তরিকতার সাথে বিবেচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫। সকল দপ্তরের ওয়েবসাইটসমূহ সর্বদা হালনাগাদ রাখতে হবে যাতে করে সেবা গ্রহীতাগণ হালনাগাদ তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারেন;

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১০/২২

(মোঃ মাহবুবুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ

## পরিশিষ্ট "ক"

### উপস্থিত/ অনুপস্থিত কর্মকর্তা/ কর্মচারী/ স্টেকহোল্ডারগণের নামের তালিকা

| ক্রঃনং | কর্মকর্তাগণের নাম | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃ আবুল কালাম আজাদ | সিনিয়র সহকারী পরিচালক<br>জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ২. | মোঃ মাসুদ রানা | সিনিয়র উপজেলামৎস্য কর্মকর্তা, সদর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩. | ড. মোঃ আবু বক্কর ছিদ্দিক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | মোঃ আলী হোসেন শামীম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ আলী হোসেন শামীম | উপজেলা মৎস্য কর্মকর্তা,(অঃদাঃ) গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | মুঃ ওয়ালিউল ইসলাম | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | মোঃ আব্দুর রহিম | খামার ব্যবস্থাপক, মৎস্যবীজ উৎপাদন খামার, নাচেল, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ আমানুল্লাহ খান | খামার ব্যবস্থাপক, মৎস্যবীজ উৎপাদন খামার, আমনুরা, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | মোঃ নাসির উদ্দিন | মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর,<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ নাইমুল হক | সহকারী মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর,<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | মোঃ রাকিবুল ইসলাম বাবু | মৎস্য খাদ্য উৎপাদনকারী ও বিক্রেতা | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ মুনজের আলম | বরেন্দ্র কৃষি উদ্যোক্তা | স্বাক্ষরিত |
| ১৩ | শ্রী ধর্ম হালদার | মৎস্যজীবী | স্বাক্ষরিত |
| ১৪ | মোঃ রাকিব হাসান | মৎস্য চাষে ব্যবহৃত ঔষধ বিক্রেতা | স্বাক্ষরিত |
| ১৫ | মোসাঃ জিন্নাতুন | খাঁচায় মাছচাষি | স্বাক্ষরিত |
| ১৬ | মোঃ বায়েজীদ | বাহারি মাছের হ্যাচারী মালিক | স্বাক্ষরিত |
| ১৭ | মোঃ সহিদুল ইসলাম | হ্যাচারী মালিক | স্বাক্ষরিত |
| ১৮ | মোঃ মোখলেসুর রহমান | সভাপতি, বেনিপুর মৎস্যজীবী সমবায় সমিতি, নাচোল | স্বাক্ষরিত |

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।
fisheries.chapainawabganj.gov.bd

পত্রনং: ৩৩.০২.৭০০০.৪০০.৫৫.০০৫.২১-৪২১

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহীবিভাগ, রাজশাহী
২. সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্যকর্কর্তা, সদর, নাচোল, শিবগঞ্জ, গোমস্তাপুর ও ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
৩. সংশ্লিষ্ট নথি

১৬/৮/২২

(মোঃ মাহবুবুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ।
ফোন: ০২৫৮৮৮৯৩৪৮২
ই-dfonawabgonj@fisheries.gov.bd